# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/২৩/ফরিদ/ ৩২৬ তারিখ: ১৩/০৪/২৩

বিষয় : বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১। বোর্ডের ২০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। ২০/০৩/২০২৩ তারিখে মঞ্জুরী কমিটির সভার সুপারিশের ভিত্তিতে ০৬/০৪/২০২৩ তারিখের ২২৬ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে 'কাজী সিরাজুল ইসলাম উচ্চ বিদ্যালয়'-কে - ০১/০১/২০২৩খ্রি. থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ ঃ

১। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে;
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪। ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের জন্য মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্নমাধ্যমিক স্তরের জন্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৫। সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) ও ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা জমা রাখতে হবে; সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
৬। প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
৮। বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না।
৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১০। বিজ্ঞানাগারের জন্য পৃথক ল্যাব তৈরী করে প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি স্থাপন করে ব্যবহারিক কার্যক্রম চলমান রাখতে হবে।
১১। বিদ্যালয় পাঠাগারে, মুক্তিযুদ্ধ বিষয়ক ২০,০০০/- (বিশ হাজার) টাকার বই ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
১২। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
১৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৪। মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪ (চার) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের জন্য আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

১৩/০৪/২০২৩

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd
ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক: প্রধান শিক্ষক
কাজী সিরাজুল ইসলাম উচ্চ বিদ্যালয়
(EIIN- 108815)
পোঃ- সমাধিনগর, উপজেলা- মধুখালী
জেলা- ফরিদপুর।

13.04.23

স্মারক নং- তারিখ:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ফরিদপুর।
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা।
৭। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)।
১০। সভাপতি, পরিচালনা কমিটি, কাজী সিরাজুল ইসলাম উচ্চ বিদ্যালয়, মধুখালী, ফরিদপুর।
১১। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। অফিস কপি।

সত্যায়িত
১৪.০৪.২৪
মোঃ আঃ আউয়াল আকন
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মধুখালী, ফরিদপুর।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।